



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
www.bnfe.gov.bd



স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৪০০.২০.৪১১.২৩-৫৯

তারিখঃ ০১ ফাল্গুন ১৪৩০
১৪ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: 'আউট অব স্কুল চিলড্রেন' শিক্ষা কার্যক্রমের জেলা পর্যায়ে সংশ্লিষ্ট পার্টনার NGO'র সাথে চুক্তি সম্পাদনপূর্বক অর্থছাড় প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান সাব-কম্পোনেন্ট ২.৫ 'আউট অব স্কুল চিলড্রেন' শিক্ষা কার্যক্রমের আওতায় জেলা পর্যায়ে লীড NGO সংশ্লিষ্ট পার্টনার NGO'র সাথে চুক্তি সম্পাদনপূর্বক পার্টনার NGO'র প্রাপ্য অর্থছাড়ের ব্যাপারে গড়িমসি, লীড এনজিও এবং পার্টনার এনজিও'র মধ্যে মতানৈক্য এবং বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে। বিগত ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারি ২০২৪ মাসেও অর্থছাড় করা সম্ভব হয়নি। ফেব্রুয়ারি মাসের অদ্য ১৪ তারিখেও লীড NGO এবং পার্টনার NGO'র মধ্যে জটিলতার কারণে অর্থছাড় করা হয়নি।

২। বর্ণিতাবস্থায়, চুক্তিপত্রের শর্তানুযায়ী, কোন ISA (Implementation Support Agencies) মূল চুক্তিপত্রের Article 3 [General Conditions of the Agreement (GCA)] এর F. Payments to the Agencies/ Implementation Support Agencies এর ৫৩.১(২) নং শর্ত ব্যত্যয় ঘটালে সংশ্লিষ্ট ISA এর সাথে সম্পাদিত "Extension of contract period to Time (Six month 1st July to 31 december 2023)" এর ৯নং অনুচ্ছেদে বর্ণিত "9. If Complained by any partner NGO's regarding payment of money then DG/AD will take the necessary action."

বর্ণিত ধারা এবং উপধারা প্রয়োগপূর্বক সংশ্লিষ্ট যেসকল জেলায় লীড NGO এখনো পর্যন্ত পার্টনার NGO'র সাথে সমঝোতার অভাবে চুক্তি সম্পাদন করে পার্টনার NGO'র প্রাপ্য অর্থ পরিশোধ করেনি এবং যেসকল জেলায় চুক্তি সম্পাদনের পরেও পার্টনার NGO'র প্রাপ্য অর্থ পরিশোধে গড়িমসি করছে সেসকল জেলায় সংশ্লিষ্ট পার্টনার NGO'র সাথে মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো চুক্তি সম্পাদন করে সরাসরি পার্টনার NGO'কে প্রাপ্য অর্থ একাউন্ট পেয়ি (Account Payee) চেকের মাধ্যমে পরিশোধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ আদেশ আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

বিষয়টি অতিব জরুরী।

সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, (সকল জেলা)


(ড. মোঃ আবুল কালাম আজাদ)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ০২-২২৬৬০১১১০
\$

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (গ্রেড-১) ও কর্মসূচি পরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি-৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ৫। পরিচালক (পরিকল্পনা, মনিটরিং, মূল্যায়ন ও এমআইএস), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ৬। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ৭। উপপরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৮। উপপরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার (পত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো)।
- ১০। নির্বাহী পরিচালক,
- ১১। অফিস কপি।